



নির্বাচনের আগে অস্ত্র উদ্ধার না হলে ঝুঁকি বাড়বে: ইসি সানাউল্লাহ



সংগৃহীত ছবি

জুলাই অভ্যুত্থানের সময় থানা থেকে লুট হওয়া বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদের একটি অংশ এখনো উদ্ধার হয়নি বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (অব.) ব্রিগেডিয়ার আবুল ফজল মো. সানাউল্লাহ। তার মতে, নির্বাচন ঘিরে নিরাপত্তা নিশ্চিত করতে এসব অবৈধ অস্ত্র দ্রুত জব্দ করা জরুরি। মঙ্গলবার (৬ জানুয়ারি) চট্টগ্রাম সার্কিট হাউজে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে বৈঠকে তিনি বলেন, এখনো প্রায় ১৫ শতাংশ আগ্নেয়াস্ত্র এবং ৩০ শতাংশ গোলাবারুদ বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে। এসব অস্ত্র অপরাধী চক্রের হাতে থাকলে নির্বাচনী পরিবেশ হুমকির মুখে পড়তে পারে। নিরাপত্তা জোরদারে সীমান্ত ও রোহিঙ্গা ক্যাম্প এলাকায় কড়াকড়ি আরোপ করা হবে বলে জানান তিনি। একই সঙ্গে গুরুত্বপূর্ণ পয়েন্টে চেকপোস্ট বাড়ানোর নির্দেশনার কথাও উল্লেখ করেন কমিশনার সানাউল্লাহ। তিনি আরও বলেন, সন্ত্রাসীরা যাতে এলাকা বদলে গা ঢাকা দিতে না পারে, সে জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে সমন্বিতভাবে কাজ করতে হবে। উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট গণঅভ্যুত্থানের পর দেশের বিভিন্ন থানা ও পুলিশি স্থাপনায় হামলার ঘটনায় প্রায় ৫ হাজার ৭৫০টি আগ্নেয়াস্ত্র এবং ৬ লাখের বেশি গোলাবারুদ লুট হয়। এসব উদ্ধারে যৌথ অভিযান শুরু হলেও এখনো পুরোপুরি সফলতা আসেনি।